

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-৩ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০০.০০০০.০৫০.০০.০০.০১৬.১৬-২০৩

তারিখ : ১১.০৭.২০১৬ খ্রিঃ

বিষয় : সৃষ্টিকাল থেকে হালনাগাদ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির সর্বশেষ অবস্থা অবহিতকরণ।

সূত্র : (১) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং ১২৪৫ তাং-১৭/১২/২০১৫খ্রিঃ।

(২) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং ১১৬১ তাং-১৭/১১/২০১৫খ্রিঃ।

(৩) স্থানীয় সরকার বিভাগের অডিট-৩ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০৫০.০০.০০.০১৬.১৬-১৬০ তারিখ : ১৯/০৫/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন সংস্থাসমূহের সৃষ্টিকাল থেকে হালনাগাদ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদ সমূহের নিষ্পত্তিমূলক জবাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সূত্রোক্ত ২নং স্মারকে অনুরোধ জানানো হয়। অপরদিকে সাধারণ আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক জবাব সরাসরি সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণ করে (প্রয়োজনবোধে দ্বি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তি করে সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের প্রত্যয়নপত্রসহ ৩১.১২.২০১৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য সূত্রোক্ত ১নং স্মারকে অনুরোধ জানানো হয়। সূত্রোক্ত ৩নং স্মারকে সৃষ্টিকাল হতে হালনাগাদ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম/সাধারণ অনুচ্ছেদসমূহের সর্বশেষ অবস্থা নিম্নলিখিত ছক মোতাবেক আগামী ৩১.০৫.২০১৬ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। কিন্তু অদ্যাবধি নির্ধারিত ছক মোতাবেক তথ্যাদি পাওয়া যায়নি।

এমতাবস্থায়, ঢাকা ওয়াসার সৃষ্টিকাল হতে হালনাগাদ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম/সাধারণ অনুচ্ছেদসমূহের সর্বশেষ অবস্থা নিম্নলিখিত ছক মোতাবেক আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

ছক


অগ্রিম

| ক্রঃনং | দপ্তর/সংস্থার নাম | আপত্তির অর্থ বছর | অর্থ বছরওয়ারী আপত্তির সংখ্যা | অর্থ বছরওয়ারী নিষ্পত্তির সংখ্যা | অর্থ বছরওয়ারী অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | অর্থ বছরওয়ারী জড়িত টাকার পরিমাণ | সর্বমোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | মন্তব্য |
|--------|-------------------|------------------|-------------------------------|----------------------------------|---|-----------------------------------|---------------------------------------|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

ছক

সাধারণ

| ক্রঃনং | দপ্তর/সংস্থার নাম | আপত্তির অর্থ বছর | অর্থ বছরওয়ারী আপত্তির সংখ্যা | অর্থ বছরওয়ারী নিষ্পত্তির সংখ্যা | অর্থ বছরওয়ারী অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | অর্থ বছরওয়ারী জড়িত টাকার পরিমাণ | সর্বমোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | মন্তব্য |
|--------|-------------------|------------------|-------------------------------|----------------------------------|---|-----------------------------------|---------------------------------------|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |



(মোঃ মিজানুর রহমান মজুমদার)

সহকারী সচিব

ফোন-৯৫৭৭২৩১

mizan11226@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক

ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- অতিরিক্ত সচিব (প্রশাসন) স্থানীয় সরকার বিভাগ।
- যুগ্মসচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- অফিস কপি/মাষ্টার কপি।